

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)



১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ

Bangladesh Small & Cottage Industries Corporation (BSCIC)

ওয়েবসাইট : www.bscic.gov.bd ইমেইল: info@bscic.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা: ১৯ নভেম্বর ২০১৯

দেশে লবণের কোন ঘাটতি নেই

দেশে লবণের কোন ঘাটতি নেই। বর্তমানে দেশে চাহিদার চেয়ে অনেক বেশি লবণ মজুদ রয়েছে।

সম্প্রতি লবণ নিয়ে একটি অসাধু চক্র বিভিন্ন অনলাইন গণমাধ্যমে বিভ্রান্তিকর তথ্য ছড়িয়ে তা থেকে মুনাফা লোটার অপচেষ্টা চালাচ্ছে। এ বিষয়ে দেশবাসীকে বিভ্রান্ত না হবার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

লবণ চাষীদের অক্লান্ত পরিশ্রম এবং সরকারের সার্বিক সহায়তার ফলে লবণ উৎপাদনে বাংলাদেশ স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে সক্ষম হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরের লবণ মৌসুমে লক্ষ্যমাত্রার চেয়ে বেশি রেকর্ড পরিমাণ ১৮.২৪ লক্ষ মে.টন লবণ উৎপাদিত হয়েছে। ১৫/১১/২০১৯ তারিখ পর্যন্ত দেশে লবণের মজুদের পরিমাণ ৬.৫০ লক্ষ মে.টন।

এছাড়াও চলতি ২০১৯-২০ অর্থবছরের লবণ মৌসুমে লবণ চাষিরা লবণ চাষ শুরু করেছে। বর্তমানে দেশে চাহিদার চেয়ে অনেক বেশি লবণ মিলে মজুদ রয়েছে তবুও একটা মহল লবণ ঘাটতি সংক্রান্ত বিভ্রান্তিকর তথ্য ছড়াচ্ছে। প্রকৃতপক্ষে বর্তমানে দেশে লবণের কোন সংকট নেই এবং বর্তমানে সংকট হওয়ার কোন সম্ভাবনাও নেই মর্মে ইতিমধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে অবগত করানোর জন্য বিসিকের জেলা কার্যালয়গুলোকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

লবণ সংক্রান্ত তথ্য সংগ্রহ ও পরিবেশনের জন্য বিসিকের প্রদান কার্যালয়ে কন্ট্রোলরুম খোলা হয়েছে। কন্ট্রোলরুমের নম্বর ০২-৯৫৭৩৫০৫

মোঃ মোশতাক হাসান, এনডিসি

চেয়ারম্যান